

## আস-সাফাত | As-Saffat | الصّافات

আয়াতঃ ৩৭ : ১২৬

আরবি মূল আয়াত:

اللَّهُ رَبُّكُمْ وَرَبُّ آبَائِكُمُ الْأُولِينَ ﴿١٢٦﴾

অনুবাদসমূহ:

আল্লাহকে, যিনি তোমাদের রব এবং তোমাদের পূর্ববর্তী পিতৃপুরুষদেরও রব? — আল-বায়ান

আল্লাহকে, যিনি তোমাদের প্রতিপালক আর তোমাদের পূর্ববর্তী পিতৃপুরুষদেরও প্রতিপালক। — তাইসিরুল

আল্লাহকে, যিনি রাক্ব তোমাদের এবং রাক্ব তোমাদের পূর্ব-পুরুষদের? — মুজিবুর রহমান

Allah, your Lord and the Lord of your first forefathers?" — Sahih International

১২৬. আল্লাহকে, যিনি তোমাদের রব এবং তোমাদের প্রাক্তন পিতৃপুরুষদেরও রব।

-

তাফসীরে জাকারিয়া

(১২৬) আল্লাহকে, যিনি প্রতিপালক তোমাদের এবং তোমাদের পূর্বপুরুষদের? [1]

[1] অর্থাৎ, বা'ল দেবতার ইবাদত ও উপাসনা করবে, তার নামে নযর-নিয়ায পেশ করবে এবং তাকে প্রয়োজন পূরণকারী ভাবে, অথচ তা তো একটি পাথরের মূর্তি মাত্র। আর যিনি সকল বস্তুর স্রষ্টা ও অতীত-ভবিষ্যতের সকল কিছুর প্রভু, তাকে তোমরা ভুলে বসবে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3914>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন